গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ....................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ......................................................................................... ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি .......................................... ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .............................. ২১

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান প্রধান অর্জন:**

ধর্মীয় মূল্যবোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতি নিশ্চিত করে একটি অসাম্প্রদায়িক সমাজ বিনির্মাণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। উন্নয়নের মূল স্রোতধারায় নারীর ক্ষমতায়ন ও নারীর প্রতি সহিংসতারোধ এবং ধর্মীয় নেতৃবৃন্দকে সম্পৃক্তকরণ কার্যক্রমে ইতোমধ্যে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে। রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ন্যায়ভিত্তিক ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠায় নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা শিক্ষা এবং বয়স্কদের স্বাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান করা হচ্ছে। উক্ত কার্যক্রমের আওতায় বিগত ৩ বছরে ২৬ লক্ষ ৮৭ হাজার শিশু শিক্ষার্থীকে প্রাক-প্রাথমিক ও নৈতিকতা শিক্ষা, ১৪ লক্ষ ৪৯ হাজার শিশুকে পবিত্র কোরআন শিক্ষা এবং ৭৬ হাজার ৩৫০ জন বয়স্ক ব্যক্তিকে সাক্ষরতা ও ধর্মীয় শিক্ষা প্রদান করা হয়েছে। ই-হজ ব্যবস্থাপনার আওতায় অনলাইনে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন কার্যক্রম শুরু করা হয়েছে। হজ ফ্লাইটের তথ্য, মক্কা ও মদিনায় আবাসন, ক্যাটারিং, যাতায়াত, ই-প্যামেন্ট, চিকিৎসা সেবায় কিওস্ক মেশিনের প্রবর্তনসহ প্রতিটি স্তরে ডিজিটাল পদ্ধতির সাহায্য নেয়া হয়েছে। এছাড়া ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত ওয়েবসাইট ভিত্তিক আল-কোরআনের ডিজিটাল ভার্শন পৃথিবীর যেকোন প্রান্ত হতে অনলাইনে পঠন ও শ্রবণ সম্ভব। দেশব্যাপী বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত/সংস্কার, বিভিন্ন ধর্মীর উৎসব উদ্‌যাপনে আর্থিক সহায়তা প্রদান এবং দুঃস্থ পুনর্বাসনের জন্য অনুদান প্রদান মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যক্রম। এ কার্যক্রমের মাধ্যমে বিগত ৩ বছরে ১৯,৪৭২টি মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠান, ২৯০৪টি হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান, ৩৭৫টি বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান, ৪২টি খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান এবং ৪,৯৫৬ জন দুঃস্থ ব্যক্তিকে অনুদান প্রদান করা হয়েছে। সেবা প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাথে ভিডিও কনফারেন্সিং সিস্টেমের সহায়তায় যোগাযোগ স্থাপন করা হয়েছে। মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠপর্যায়ের প্রশাসনিক অফিসের নিজস্ব ফেইসবুক পেইজ খোলার মাধ্যমে নাগরিক যোগাযোগ আরো সহজ হয়েছে। মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে গঠিত ইনোভেশন টিমের মাধ্যমে নাগরিক সেবা প্রদান ও সেবার মান বৃদ্ধিতে নতুন উদ্ভাবনকে উৎসাহিত করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সারা বছরব্যাপি হজযাত্রীদের প্রাক-নিবন্ধন কার্যক্রম চালু রেখে নিবন্ধিত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ, হজ ও ওমরাহ্ নীতির আলোকে হজ ও ওমরাহ্ এজেন্সীসমূহের যথাযথ মনিটরিং, ওয়াকফ সম্পত্তি উদ্ধারের ক্ষেত্রে মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রতা, যাকাত বোর্ডকে কার্যকর ও গতিশীলকরণ বর্তমান সময়ের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যত পরিকল্পনা:**

ই-হজ প্রবর্তনের মাধ্যমে হজ ব্যবস্থাপনার আধুনিকায়ন, স্বচ্ছতা ও দ্রুততার সাথে মানসম্মত সেবা নিশ্চিতকরণ, প্রতিটি জেলা ও উপজেলা পর্যায়ে মডেল মসজিদ নির্মাণ এবং সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণের মাধ্যমে সকল ধর্মাবলম্বীর পারস্পরিক সহাবস্থান নিশ্চিত করা হবে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের ধর্মীয় ও নৈতিক শিক্ষার প্রসারের মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় অবদান রাখা;
- সামাজিক সচেতনতা ও ধর্মীয় জ্ঞান প্রসারের লক্ষ্যে মানসম্মত ধর্মীয় পুস্তক প্রকাশ;
- ধর্মীয় শিক্ষক, ইমাম ও মুয়াজ্জিন এবং ধর্মীয় নেতৃবৃন্দকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান;
- প্রাক-নিবন্ধন চালুকরণসহ হজ ব্যবস্থাপনার আধুনিকায়নের মাধ্যমে হজযাত্রীদের সেবার মান বৃদ্ধি;
- ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কার/মেরামত, ধর্মীয় উৎসব উদ্‌যাপন এবং দুঃস্থ পুনর্বাসনে অনুদান প্রদান;
- ওয়াক্‌ফ সম্পত্তি ব্যবস্থাপনা ও উন্নয়নের মাধ্যমে আয় বৃদ্ধি এবং
- যাকাত সংগ্রহ ও বিতরণের মাধ্যমে যাকাত ব্যবস্থাপনা শক্তিশালীকরণ।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

ধর্মীয় মূল্যবোধ সম্পন্ন অসাম্প্রদায়িক সমাজ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা বিকাশের মাধ্যমে উদার ও সাম্প্রদায়িক সম্প্রীতির সার্বজনীন সমাজ প্রতিষ্ঠা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নয়ন
২. হজ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন
৪. যাকাত ব্যবস্থাপনা শক্তিশালীকরণ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ইসলামিক ফাউন্ডেশন, ওয়াক্‌ফ প্রশাসন, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সংক্রান্ত গবেষণা ও তত্ত্বাবধান, উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা ও অনুদান প্রদান এবং অর্থ সংস্থানের উদ্যোগ গ্রহণ;
২. জাতীয় হজ ও ওমরাহ্ নীতি, হজ প্যাকেজ ঘোষণা, দ্বি-পাক্ষিক হজ চুক্তি সম্পাদন ও হজযাত্রীদের আবাসন ব্যবস্থাপনাসহ হজ ও ওমরাহ গমন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং তীর্থ ভ্রমণ, বিদেশে গমনকারী এবং বিদেশ থেকে আগত ধর্মীয় প্রতিনিধিদল সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;
৩. ওয়াক্‌ফ-দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও ওয়াক্‌ফ এস্টেট-দেবোত্তর সম্পত্তি পরিচালনায় সহায়তা প্রদান;
৪. ধর্মীয় ক্ষেত্রে বিভিন্ন গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে উন্নয়ন সাধন ও পৃষ্ঠপোষকতা প্রদান, দাতব্য প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;
৫. ধর্ম এবং ধর্মীয় বিষয় সংশ্লিষ্ট আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সংলাপের আয়োজন এবং অংশগ্রহণ; বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহের সাথে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, সম্পর্কের উন্নয়ন, চুক্তি ও দলিল সম্পাদন, সমঝোতা এবং কনভেনশন সংক্রান্ত কার্যক্রম;
৬. ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সামাজিক উন্নয়ন, গবেষণা পরিচালনা, দুর্নীতি ও সন্ত্রাসবাদ প্রতিরোধ, ধর্মীয় মূল্যবোধ, নৈতিকতা, ভ্রাতৃত্ববোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ;
৭. বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মীয় সংগঠনের সংস্কার, অনুদান প্রদান, চাঁদ দেখাসহ বিভিন্ন ধর্মীয় উপলক্ষ্য এবং উৎসব উদ্‌যাপন সংক্রান্ত কার্যক্রম এবং
৮. দুস্থ পুনর্বাসনের জন্য আর্থিক সহায়তা প্রদান।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| ধর্মীয় শিক্ষা সম্প্রসারিত | ধর্মীয় শিক্ষা অর্জনকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ১৪.২৮ | ১৬.৫৭ | ২১.১৪ | ২২.০০ | ২২.৫০ | শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | |
| সাম্প্রদায়িক সম্প্রীতি | সাম্প্রদায়িক সহিংসতা বিনষ্টকারী ঘটনার সংখ্যা | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নয়ন | ৩০ | [১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদান | [১.১.১] শিক্ষাক্রম সম্পন্নকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৬.০০ | ৯.৩০ | ১০.০৫ | ১০.৬৫ | ১০.৫০ | ১০.৩০ | ১০.১৫ | ১০.০৫ | ১১.০০ | ১১.৫০ |
| | | [১.২] কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | [১.২.১] কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৬.০৯ | ৭.৯৮ | ১০.২২ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৭.৯৮ | ১০.৫০ | ১১.০০ |
| | | [১.৩] ইমাম ও মুয়াজ্জিনদের মৌলিক প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | সংখ্যা | ২.০০ | ৩.২৩ | ৩.৫০ | ৫০০০ | ৪৫০০ | ৪২৫০ | ৩৮০০ | ৩৫০০ | ৫২০০ | ৫৫০০ |
| | | [১.৪] বয়স্কদের স্বাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান | [১.৪.১] বয়স্ক শিক্ষা সম্পন্নকারী | সংখ্যা | ৩.০০ | ২৫৪৫০ | ২৫৪৫০ | ২৫৪৫০ | ২৫৪০০ | ২৫৩৫০ | ২৫৩০০ | ২৫২৫০ | ২৫৪৫০ | ২৫৪৫০ |
| | | [১.৫] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | [১.৫.১] সরবরাহকৃত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সেট | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১৫.৬৪ | ১৮.০০ | ১৮.৫০ | ১৮.৩৫ | ১৮.২৫ | ১৮.১০ | ১৮.০০ | ১৮.৭৫ | ১৯.০০ |
| | | [১.৬] ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ | [১.৬.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | সংখ্যা | ৩.০০ | | ৫০০ | ৬৫০০ | ৬২০০ | ৫৮০০ | ৫৩০০ | ৫০০০ | ৬৮০০ | ৭০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | [১.৭.১] প্রকাশিত পুস্তকের ধরণ (টাইটেল) | সংখ্যা | ২.০০ | ১৩১ | ৩৭ | ৫০ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৭ | ৫২ | ৫৪ |
| | | | [১.৭.২] প্রকাশিত পুস্তক | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ১৪.২৭ | ১.২১ | ১.৬৩ | ১.৫৫ | ১.৪৫ | ১.৩৫ | ১.২১ | ১.৭০ | ১.৭২ |
| | | [১.৮] দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | [১.৮.১] ব্যক্তি অনুদানের বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ৩.০০ | | | ৯০ | ৮৮ | ৮৬ | ৮৩ | ৮০ | ৯১ | ৯২ |
| | | [১.৯] ইমাম ও মুয়াজ্জিনগণকে আর্থিক সহায়তা প্রদান | [১.৯.১] উপকারভোগী | সংখ্যা | ২.০০ | ১৯৬০ | ১৯৬০ | ১৯৬০ | ১৯৫০ | ১৯৪০ | ১৯৩০ | ১৯২০ | ১৯৬০ | ১৯৬০ |
| [২] হজ ব্যবস্থাপনার উন্নয়ন | ২৫ | [২.১] হজযাত্রীদের প্রাক নিবন্ধন | [২.১.১] প্রাক নিবন্ধিত হজযাত্রী | % | ৬.০০ | | | ১০০ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ১০০ | ১০০ |
| | | [২.২] হজ প্যাকেজ ঘোষণা | [২.২.১] হজ প্যাকেজ ঘোষিত | তারিখ | ৪.০০ | ১০-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ১৫-০১-২০১৭ | ২০-০১-২০১৭ | ২৫-০১-২০১৭ | ৩০-০১-২০১৭ | ৩১-০১-২০১৭ | ০১-০১-২০১৮ | ১৫-১২-২০১৮ |
| | | [২.৩] নিবন্ধিত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ | [২.৩.১] হজে প্রেরিত | % | ৬.০০ | | ৯২ | ৯৪ | ৯৩ | ৯২ | ৯১ | ৯০ | ৯৫ | ৯৬ |
| | | [২.৪] হজ নির্দেশিকাসহ বিভিন্ন উপকরণ সরবরাহ | [২.৪.১] উপকরণ সরবরাহকৃত | % | ৩.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৯ | ৯৮ | | | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] অসুস্থ হজযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | [২.৫.১] অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | % | ৩.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | | | | ১০০ | ১০০ |
| | | [২.৬] হজ বিষয়ক অভিযোগ নিষ্পত্তি | [২.৬.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ৩.০০ | ৮২ | ৮৫ | ৮৮ | ৮৭ | | | | ৮৯ | ৯০ |
| [৩] ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন | ২০ | [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ৪.০০ | | | ৯০ | ৮৭ | ৮৪ | ৮০ | ৭৬ | ৯১ | ৯২ |
| | | | [৩.১.২] হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ২.০০ | | | ৯০ | ৮৬ | ৮২ | ৭৮ | ৭৪ | ৯১ | ৯২ |
| | | [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.৩] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ১.০০ | | | ৮৮ | ৮৪ | ৮০ | ৭৫ | ৭০ | ৯০ | ৯১ |
| | | | [৩.১.৪] খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ১.০০ | | | ৮৫ | ৮০ | ৭৮ | ৭৫ | ৭০ | ৮৮ | ৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] ধর্মীয় অনুষ্ঠানের জন্য আর্থিক সহায়তা প্রদান | [৩.২.১] আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান | সংখ্যা | ২.০০ | ৭০০০ | ৪২০০ | ৪৪০০ | ৪৩৫০ | ৪৩০০ | ৪২৫০ | ৪২০০ | ৪৫০০ | ৪৬০০ |
| | | [৩.৩] ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ | [৩.৩.১] ওয়াকফ এস্টেট চিহ্নিত | সংখ্যা | ৩.০০ | ১০০২ | ২৯০ | ৩২০ | ৩১৫ | ৩০০ | ২৯৫ | ২৯০ | ৩৩০ | ৩৫০ |
| | | [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.১] মোতওয়াল্লী নিয়োগকৃত | সংখ্যা | ২.০০ | ১০০২ | ২৯০ | ৩২০ | ৩১৫ | ৩০০ | ২৯৫ | ২৯০ | ৩৩০ | ৩৫০ |
| | | | [৩.৪.২] ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদা | টাকা (লক্ষ) | ২.০০ | ৫৭৭.২৫ | ৬০০.০০ | ৬২০.০০ - | ৬১৫.০০ | ৬১০.০০ | ৬০৫.০০ | ৬০০.০০ | ৬২৫.০০ | ৬৩০.০০ |
| | | [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.৩] কমিটি গঠিত | সংখ্যা | ১.০০ | ১০০২ | ২৯০ | ৩২০ | ৩১৫ | ৩০০ | ২৯৫ | ২৯০ | ৩৩০ | ৩৫০ |
| | | | [৩.৪.৪] ওয়াকফ সম্পত্তি অডিটকৃত | সংখ্যা | ১.০০ | ২১০০ | ২৩০০ | ২৩৫০ | ২৩৪০ | ২৩৩০ | ২৩২০ | ২৩০০ | ২৩৬০ | ২৩৮০ |
| | | [৩.৫] ওয়াকফ সম্পত্তির উন্নয়ন | [৩.৫.১] উন্নয়নকৃত ওয়াকফ সম্পত্তি | সংখ্যা | ১.০০ | ০৩ | ০৪ | ০৫ | ০৪ | | | | ০৬ | ০৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] যাকাত ব্যবস্থাপনা শক্তিশালীকরণ | ৫ | [৪.১] যাকাত সংগ্রহ | [৪.১.১] সংগৃহিত যাকাতের পরিমাণ | টাকা (লক্ষ) | ১.০০ | ১৭১.৭২ | ২৬৪.০০ | ৩৫০.০০ | ৩২০.০০ | ৩০০.০০ | ২৮০.০০ | ২৬৪.০০ | ৩৭৫.০০ | ৪০০.০০ |
| | | [৪.২] যাকাত প্রদান | [৪.২.১] উপকারভোগী | সংখ্যা (হাজার) | ১.০০ | ৩.৪৩ | ৩.৯২ | ৪.২০ | ৪.১৫ | ৪.০৮ | ৪.০০ | ৩.৯২ | ৪.৫০ | ৪.৭৫ |
| | | [৪.৩] দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত | সংখ্যা | ১.০০ | ১৩৮০ | ১৩৮০ | ১৩৮০ | ১৩২০ | ১২৭৫ | ১২৫০ | ১২০০ | ১৩৮০ | ১৩৮০ |
| | | [৪.৪] প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | [৪.৪.১] চিকিৎসা সেবা গৃহিত | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৯.৩৫ | ১০.৮৮ | ১১.০০ | ১০.৯৮ | ১০.৯৪ | ১০.৯২ | ১০.৮৮ | ১১.১০ | ১১.২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০৪-০৮-২০১৬ খ্রি:<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৮.২০১৬<br>তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদান | [১.১.১] শিক্ষাক্রম সম্পন্নকারী শিক্ষার্থী | মসজিদ, মন্দির, প্যাগোডা ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণ করছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩০ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছেন। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | শিক্ষাক্রম সম্পন্নকারী শিশু শিক্ষার্থীর সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন |
| [১.২] কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | [১.২.১] কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থী | মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় পবিত্র কোরআন শিক্ষা প্রদান করা হচ্ছে। প্রতিটি কোরআন শিক্ষা কেন্দ্রে ৩৫ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছেন। | ইসলামিক ফাউন্ডেশন | কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থীর সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন |
| [১.৩] ইমাম ও মুয়াজ্জিনদের মৌলিক প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | ইমাম প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ইমাম, মুয়াজ্জিনসহ বিভিন্ন ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক ও ধর্মীয় বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ইমাম প্রশিক্ষণ একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন | প্রশিক্ষণ সম্পন্নকারী ইমাম ও মুয়াজ্জিনদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] বয়স্কদের স্বাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান | [১.৪.১] বয়স্ক শিক্ষা সম্পন্নকারী | মসজিদ ও মন্দিরভিত্তিক বয়স্ক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে প্রতিটি ব্যাচে ২৫ জন শিক্ষার্থী শিক্ষা নিচ্ছেন। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | বয়স্ক শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থীদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন |
| [১.৫] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | [১.৫.১] সরবরাহকৃত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সেট | মসজিদ, মন্দির, প্যাগোডাভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় এবং কোরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা হচ্ছে। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | সরবরাহকৃত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন |
| [১.৬] ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ | [১.৬.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের আওতায় প্রকল্পের মাধ্যমে ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | প্রশিক্ষণ সম্পন্নকারীদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রতিবেদন |
| [১.৭] গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | [১.৭.১] প্রকাশিত পুস্তকের ধরণ (টাইটেল) | ইসলামিক ফাউন্ডেশন প্রতিবছর ধর্মীয় নানা বিষয়ে পুস্তক প্রকাশ করে থাকে। এসকল পুস্তক দেশব্যাপী ইসলামিক ফাউন্ডেশনের বিক্রয়কেন্দ্র এবং আন্তর্জাতিক বই মেলায় বিক্রয় করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | প্রকাশিত পুস্তকের ধরণ (টাইটেল) সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.৭.২] প্রকাশিত পুস্তক | ইসলামিক ফাউন্ডেশন প্রতিবছর ধর্মীয় নানা বিষয়ে পুস্তক প্রকাশ করে থাকে। এসকল পুস্তক দেশব্যাপী ইসলামিক ফাউন্ডেশনের বিক্রয়কেন্দ্র এবং আন্তর্জাতিক বই মেলায় বিক্রয় করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | প্রকাশিত পুস্তক সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৮] দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | [১.৮.১] ব্যক্তি অনুদানের বরাদ্দকৃত অর্থের ব্যয় | প্রতিবছর দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-কর্মসংস্থানের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অনুদান প্রদান করে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ব্যক্তি অনুদানের বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৯] ইমাম ও মুয়াজ্জিনগণকে আর্থিক সহায়তা প্রদান | [১.৯.১] উপকারভোগী | দুঃস্থ ও দরিদ্র ইমামদের আর্থিক সহায়তার জন্য প্রতিবছর ইমামও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট হতে অনুদান প্রদান করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | অনুদান প্রাপ্ত দুঃস্থ ও দরিদ্র ইমামদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.১] হজযাত্রীদের প্রাক নিবন্ধন | [২.১.১] প্রাক নিবন্ধিত হজযাত্রী | হজে যেতে ইচ্ছুক ব্যক্তিগণ বছরব্যাপী প্রাক-নিবন্ধন করে থাকেন। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | প্রাক-নিবন্ধিত হজযাত্রী সংখ্যার শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.২] হজ প্যাকেজ ঘোষণা | [২.২.১] হজ প্যাকেজ ঘোষিত | প্রতি বছর মন্ত্রিসভার অনুমোদনক্রমে হজ প্যাকেজ ঘোষণার মাধ্যমে হজ কার্যক্রম শুরু হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | প্রকাশিত হজ প্যাকেজ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] নিবন্ধিত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ | [২.৩.১] হজে প্রেরিত | হজ ইচ্ছুক সকল হজযাত্রীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করে অন্যান্য শর্তাদি পুরণ সাপেক্ষে সকল হজযাত্রীদের হজে প্রেরণ নিশ্চিত করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস, ঢাকা | নিবন্ধিত হজযাত্রী সংখ্যার শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] হজ নির্দেশিকাসহ বিভিন্ন উপকরণ সরবরাহ | [২.৪.১] উপকরণ সরবরাহকৃত | হজ নিয়মাবলী সংক্রান্ত হজ নির্দেশিকা এবং অন্যান্য উপকরণ হজযাত্রীদের সরবরাহ করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস, ঢাকা | সরবরাহকৃত হজ নির্দেশিকা ও অন্যান্য উপকরণ সংখ্যার শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] অসুস্থ হজযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | [২.৫.১] অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | প্রতি বছর হজ মৌসুমে মক্কা, মদিনা ও জেদ্দায় হজযাত্রীদের বিনামুল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, জেদ্দা | চিকিৎসা সেবা প্রাপ্ত হজযাত্রীর সংখ্যার শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] হজ বিষয়ক অভিযোগ নিষ্পত্তি | [২.৬.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | হজ মৌসুমে হজযাত্রী ও হজ এজেন্টদের অভিযোগসমূহ যথাসময়ে নিস্পত্তি করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, ঢাকা ও হজ অফিস, জেদ্দা | নিষ্পত্তিকৃত অভিযোগ সংখ্যার শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের মসজিদ, ঈদগাহ, কবরস্থান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের মন্দির, শ্মশান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৩] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের প্যাগোডা, শ্মশান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৪] খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের গীর্জা, সেমিট্রি মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] ধর্মীয় অনুষ্ঠানের জন্য আর্থিক সহায়তা প্রদান | [৩.২.১] আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান | দুর্গাপুজা, বৌদ্ধ পূর্ণিমাসহ অন্যান্য অনুষ্ঠানে অনুদান প্রদান করা হয়ে থাকে। | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | আর্থিক অনুদান প্রাপ্ত প্রতিষ্ঠান সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ | [৩.৩.১] ওয়াকফ এস্টেট চিহ্নিত | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়ের অধীন ওয়াক্ফ সম্পত্তি চিহ্নিত কার্যক্রম অব্যাহত আছে। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | চিহ্নিত ওয়াক্ফ এস্টেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.১] মোতওয়াল্লী নিয়োগকৃত | চিহ্নিত সকল ওয়াক্ফ সম্পত্তি ব্যবস্থাপনার জন্য মোতওয়াল্লী নিয়োগ করা হয় | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | মোতওয়াল্লী নিয়োগকৃত ওয়াক্ফ সম্পত্তি সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৪.২] ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদা | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় প্রতিটি ওয়াক্ফ সম্পত্তির আয় হতে ৫% হারে চাঁদা সংগ্রহ করে থাকে। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | ওয়াক্ফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদার পরিমাণ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৪.৩] কমিটি গঠিত | চিহ্নিত সকল ওয়াক্ফ সম্পত্তি ব্যবস্থাপনার জন্য কমিটি গঠন করা হয়। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | কমিটি গঠনকৃত ওয়াক্ফ সম্পত্তি সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৪.৪] ওয়াকফ সম্পত্তি অডিটকৃত | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় কর্তৃক বাৎসরিক আয় ও ব্যয়ের হিসাব অডিট করা হয়। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | অডিটকৃত ওয়াক্ফ সম্পত্তি সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] ওয়াকফ সম্পত্তির উন্নয়ন | [৩.৫.১] উন্নয়নকৃত ওয়াকফ সম্পত্তি | ওয়াক্ফ সম্পত্তির আয় বৃদ্ধির লক্ষ্যে ওয়াক্ফ সম্পত্তির উন্নয়ন করা হয়ে থাকে। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | উন্নয়নকৃত ওয়াক্ফ সম্পত্তি সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] যাকাত সংগ্রহ | [৪.১.১] সংগৃহিত যাকাতের পরিমাণ | প্রতিবছর ইসলামিক ফাউন্ডেশনের অধীন যাকাত প্রদানকারী ব্যক্তিদের নিকট থেকে যাকাত সংগ্রহ করে যাকাত তহবিলে জমা করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | সংগৃহিত যাকাতের পরিমাণ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] যাকাত প্রদান | [৪.২.১] উপকারভোগী | সংগৃহিত যাকাত হতে গরীব ও দুঃস্থদের যাকাত প্রদান করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | যাকাত প্রাপ্ত উপকারভোগীদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত | গ্রামীন দুঃস্থ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে সেলাই প্রশিক্ষণ প্রদান করে সেলাই মেশিন সরবরাহ করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | প্রশিক্ষণ প্রাপ্ত দুঃস্থ মহিলাদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | [৪.৪.১] চিকিৎসা সেবা গৃহিত | প্রত্যন্ত অঞ্চলের দরিদ্রও দুঃস্থদেরকে বিনামূল্যে ঔষধসহ স্বাস্থ্য সেবা প্রদান করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | চিকিৎসা সেবা প্রাপ্ত দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | হজ মৌসুমে হজযাত্রীদের চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য চাহিদা অনুযায়ী ডাক্তার, নার্স, ফার্মাসিস্ট মনোনয়ন প্রদান | অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ডাক্তার, নার্স ও ফার্মাসিস্ট অপরিহার্য | হজযাত্রীদের চিকিৎসা সেবা নিশ্চিত করা সম্ভব হবে না |